

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা  
(কাস্টমস)  
প্রজ্ঞাপন

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ/ ১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং ১৫৪-আইন/২০২২/১০২/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 219, section 219A এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড ২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ মোতাবেক ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ তারিখে জারিকৃত কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার বিধি ৭ এর উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নবর্ণিত উপ-বিধি (৩) প্রতিস্থাপিত হইবে, যথা :-

“(৩) অগ্রিম রুলিং ফি বাবদ ২,০০০ (দুই হাজার) টাকা ‘এ-চালান’ এর মাধ্যমে ‘অন্যান্য কাস্টমস’ নামীয় খাতে ১/১১০৩/০০০০/০৯৬১ কোডে জমা প্রদানপূর্বক উহার প্রমানক আবেদনের সহিত দাখিল করিতে হইবে।”।

২। এই প্রজ্ঞাপন ৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম  
চেয়ারম্যান।